# বারিধারা ডিওএইচএস পরিষদ

## ঢাকা সেনানিবাস

### ৭৬তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ ফেব্রুয়ারি ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী মহোদয়ের অনুপস্থিতিতে প্রেসিডেন্ট সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্নেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান থেকে তেলাওয়াত ও তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ গত ১৫ জানুয়ারি ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৭৫তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যক্রম অনুমোদনের জন্য মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) প্রস্তাব করেন এবং কর্নেল এসএম ফয়সাল তা সমর্থন করেন। গত সভার কার্যবিবরণী অনুমোদনের ব্যাপারে ভূল বশতঃ প্রস্তাব ও সমর্থন গ্রহণ না হওয়ায় তা অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং কর্নেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি<br>সেক্রেটারী |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ ৭৫তম সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত ০৭ এর আলোকে নতুন কমিটি গঠনের ব্যাপারে ১টি চিঠি লিখে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | সেক্রেটারী |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় চলাচলের সুবিধার্থে ঠিকাদারের মাধ্যমে নম্বরযুক্ত কোটি পরিহিত অবস্থায় রিক্সা পরিচালনা করার অনুমতি প্রদান করা হয়েছে। কোটিওয়ালা রিক্সা পাওয়া গেলে ডিওএইচএস এর বাসিন্দাগণ কোটিওয়ালা রিক্সায় চলাচল করবেন। কোটিওয়ালা রিক্সা না পাওয়া গেলে অন্য রিক্সা ব্যবহার করা যেতে পারে। এ ব্যাপারে একটি পত্রের মাধ্যমে ডিওএইচএস এর সকল বাসিন্দাগণকে অবহিত করতে হবে। | মেম্বার সিকিঃ<br>এ্যাডমিন<br>ফিল্ড সিকিঃ<br>অফিসার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ লেভেল ক্রসিংয়ে কোটি পরিহিত রিক্সা যাতে গাড়ী চলাচলের রাস্তা বন্ধ না করে দেয় সে বিষয়টি ঠিকাদার কর্তৃক নিশ্চিত করতে হবে। ঠিকাদারকে সহায়তা করার জন্য ডিওএইচএস এর ০২ জন নিরাপত্তা প্রহরী সকাল ও সন্ধ্যায় ২ ঘন্টা করে মোট ৪ ঘন্টা ডিউটি করবে। | ফিল্ড সিকিঃ<br>অফিসার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড়ে সদ্য নির্মিত লেডিস কর্ণারের অনুরূপ একটি দৃষ্টি নন্দন "জেন্টস্ স্কয়ার" নির্মাণ করার ব্যাপারে অত্র এলাকার সম্মানিত বাসিন্দাগণের দাবি সভায় উত্থাপিত হয়। উপযুক্ত স্থান পাওয়া গেলে একটি "জেন্টস্ স্কয়ার" তৈরীর উদ্যোগ নেওয়া হবে। বর্তমানে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা এবং পর্যাপ্ত ফান্ড নেই বলে সকল সদস্যগণকে অবহিত করা হয়। | মেম্বার সিকিঃ<br>এ্যাডমিন<br>ফিল্ড সিকিঃ<br>অফিসার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সম্মানিত সদস্য মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) নির্মাণাধীন ফোয়ারার ডিজাইন ও পরিমাপ ডিওএইচএস বাসীর প্রদর্শনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে ডিসপ্লে করার প্রস্তাব করলে ভাইস প্রেসিডেন্ট কর্নেল এস এম ফয়সাল (অবঃ) তা সমর্থন করেন এবং উপস্থিত সদস্যগণ সম্মতি জ্ঞাপন করেন। | সেক্রেটারী<br>মেম্বার সিকিঃ<br>এ্যাডমিন |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ বারিধারা ডিওএইচএস এম আই রুম থেকে এলাকাবাসী যাতে সেবা পেতে পারে তার জন্য সার্বক্ষনিক মেডিকেল সহকারী কর্তব্য পালন করবে এবং তাকে প্রতি মাসে ১০০ টাকার মোবাইল কার্ড প্রদানের সিদ্ধান্ত হয় এবং সিকিঃ ব্যারাক থেকে এম আই রুমে প্যারালাল সংযোগ বিচ্ছিন্ন করে নতুন একটি টেলিফোন লাইন সংযোগ নেয়ার ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস সুপার<br>হিসাব রক্ষক<br>ফিল্ড সিকিঃ<br>অফিঃ |

| | |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ Sponsor কর্তৃক বারিধারা গেইটটির নির্মাণকাজ প্রায় সমাপ্তির পথে। গেইটটির পূর্বপাশে নিচু জায়গাসহ ৪৮ফুট এলাকা উন্মুক্ত থাকায় ও সৌন্দর্য্য বৃদ্ধির জন্য একটি দেয়াল নির্মাণের প্রস্তাব সভায় উত্থাপিত হলে সকল সদস্য সম্মতি প্রদান করেন। যাহোক, বার্জার বাংলাদেশ দেয়ালটি নির্মাণ করে তাদের বিজ্ঞাপনের জন্য ব্যবহার করতে সম্মত হলে পরিষদ উক্ত দেয়াল নির্মাণ করবে না। | সেক্রে মেম্বার এ্যাড |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ ক্যাফেটেরিয়া নির্মাণের ব্যাপারে মেজর মোঃ হাফিজুর রহমান (অবঃ) এর একটি পত্রের উপর আলোচনা করা হয় এবং গ্যারেজ এলাকায় উহা স্থাপনের বিষয়টি আলোচনা শেষে বিভিন্ন অসুবিধার কথা বিবেচনা করে আপাততঃ স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। | কনভে সেন্টার কমিটি |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-১০ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ অফিস ও হিসাব শাখাকে আরও গতিশীল এবং স্বয়ংক্রিয় করার নিমিত্তে ERP Management Software Customize প্রতিষ্ঠানের মাধ্যমে একটি Presentation এর ব্যবস্থা করা হবে যেখানে অত্র পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন। উক্ত প্রতিষ্ঠান ছাড়াও অন্য কোন উপযুক্ত আগ্রহী প্রতিষ্ঠানকে Presentation এর জন্য আহবান করা যেতে পারে। | সেক্রে ট্রেজার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ বারিধারা ডিওএইচএস জামে মসজিদের দক্ষিণ পার্শ্বস্থ লাশ ঘরের রাস্তা ও সামনের খালি জায়গায় ব্রিক সলিং কিংবা টাইলস্ ফিটিং করলে ভদ্র মহিলাগণ অবাধে মসজিদে আসা যাওয়া করতে পারবেন মর্মে একটি প্রস্তাব উত্থাপিত হয় এবং সকল সদস্য সম্মতি প্রদান করেন। | কনভে মসজিদ |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন বাড়ী নির্মাণ সামগ্রী বহনকারী ট্রাক মালামাল আনলোড করার সময় যাতে আশেপাশের বাসিন্দাগণের ঘুমের ব্যাঘাত না হয় সেজন্য পরিবহন প্রবেশকালীন সময়ে পরিষদের সিকিউরিটি গার্ড সঙ্গে গমন করে বিষয়টি নিশ্চিত করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার এ্যাডমি ফিল্ড অফিস |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ বারিধারা ডিওএইচএস মসজিদ এর নিকটে সেফটি ট্যাংক পরিস্কার করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদ |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় বিদ্যমান বাস্কেট বল গ্রাউন্ডকে মেরামত ও রক্ষণাবেক্ষন করার বিষয় নিয়ে বিশদ আলোচনা হয়। উক্ত গ্রাউন্ডটি মেরামতের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য ভাইস প্রেসিডেন্ট ও কনভেনার স্পোর্টস এন্ড কালচারাল কমিটিকে অনুরোধ জানানো হয়। প্রয়োজনে ০১ ডজন নেট ক্রয়ের ব্যবস্থা করতে এবং সব সময় রিংএ নতুন নেট লাগানো নিশ্চিত করতে হবে। | কনভে স্পোর্টস কালচা সাব-ক |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় রাস্তায় গাড়ি চালকদের উচ্চস্বরে হর্ণ বাজানো কমিয়ে আনার জন্য নিরাপত্তা প্রহরীদেরকে কাজে লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার এ্যাডমি ফিল্ড অফিস |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬ঃ Subscription Payment Receipt, Bank এর মত করে অনতিবিলম্বে তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে মজুদকৃত Payment Receipt বহি শুধুমাত্র অফিসে Payment গ্রহণের সময় ব্যবহার করা যাবে। | ট্রেজার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল - ৩ এর কার্ড রুম বর্তমানে যে অবস্থায় আছে সেভাবেই আরও কিছুদিন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেজার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৮ঃ বনানী ডিওএইচএস এ চলমান টি -২০ ক্রিকেট সম্পর্কে অত্র পরিষদের ভাইস প্রেসিডেন্ট কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) বারিধারা ডিওএইচএস ক্রিকেট ক্লাব ভাল খেলছে মর্মে ইসির সকল সদস্যকে অবহিত করেন। | ভাইস প্রেসি |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১৯ ঃ* সেবাপ্রদানকারী সংস্থাকে কনভেনশন সেন্টারের বার্ষিক অনুদান-২০১৩ হতে বিশেষ ছাড় প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। বিশদ আলোচনার পর ইসি কমিটি কর্তৃক ২০% ছাড় প্রদানের ব্যাপারে সভার সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২০ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের ফিল্ড সিকিঃ অফিসার যেহেতু ডিওএইচএস এর বাহিরে অবস্থান করেন সেহেতু এলাকার নিরাপত্তার স্বার্থে চীফ সিকিঃ সুপারভাইজারকে বাইরে বাড়ী ভাড়া করে তার স্ত্রীর চিকিৎসার বিষয়টি অনুমোদিত হয়নি। ইসির সিদ্ধান্ত মোতাবেক চীপ সিকিঃ সুপারভাইজারের স্ত্রীর চিকিৎসা অন্য কোন ভাবে ব্যবস্থা করার জন্য পরামর্শ দেয়া হলো। | মেম্বার সিকিঃ এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২১ঃ* ইনডোর ব্যাডমিন্টন কোর্ট ও ভলিবল কোর্ট নির্মাণের ব্যাপারে আরও পরীক্ষা নিরীক্ষা চালানোর জন্য ভাইস প্রেসিডেন্টকে অনুরোধ করা হয় এবং পরবর্তী AGM এ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস প্রেসিডেন্ট |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -২২ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা AGM এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ১৮ ফেব্রুয়ারী ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ১৮ ফেব্রুয়ারী ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য
লেডিস সাব-কমিটি